দৈনিক খবর

তারিখ 24 OCT 1991
পৃষ্ঠা 8 কলাম

66

05

# ৪টি শিক্ষা বোর্ডের মেধাবী ছাত্রদের জন্য বৃত্তি প্রথা এ বছর চালু হচ্ছে

।। কিরণ সাহা ।।

যশোর, ২১শে অক্টোবর।– দেশের ৪টি শিক্ষা বোর্ডের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের মেধাবী ছাত্র-ছাত্রীদের জন্য বৃত্তি প্রথা চালু করা হচ্ছে। চলতি বছর থেকে এ প্রথা কার্যকর হবে।

ঢাকার ধানমন্ডির বাসিন্দা ডাক্তার সুলতান আহমদ চৌধুরী মেধাবী ছাত্রদের উৎসাহ প্রদান ও শিক্ষা ক্ষেত্রে অবদান রাখার জন্য এ বৃত্তি চালু করেছেন। ৪টি শিক্ষা বোর্ডের জন্য স্থায়ী আমানতের পরিমাণ ৮ লাখ ৪০ হাজার টাকা।

সংশ্লিষ্ট একটি সূত্রে জানা গেছে, 'সুলতান আহমদ চৌধুরী ফাউন্ডেশন'-এর পক্ষ থেকে ৪টি শিক্ষা বোর্ডের চেয়ারম্যানের কাছে প্রেরিত চিঠিতে বলা হয়েছে, বোর্ডের আওতাভুক্ত সাক্ষরতার সর্বনিম্ন হারের ৫টি জেলার মাধ্যমিক পর্যায়ে প্রথম স্থান অধিকারী ছাত্র-ছাত্রীকে ১ হাজার টাকা দেয়া হবে। অনুরূপ বাংলা, ইংরেজী ও বিজ্ঞানে প্রথম স্থান অধিকারীকেও ১ হাজার টাকা দেয়া হবে।

উচ্চ মাধ্যমিক পর্যায়ে বোর্ডের আওতাভুক্ত বৃহত্তর জেলাগুলোর বিজ্ঞান শাখায় ১ম স্থান অধিকারী ছেলে-মেয়ের জন্য দেড় হাজার টাকার বৃত্তি নির্ধারণ করা হয়েছে। এ ছাড়া যে সব ছাত্র-ছাত্রী ইংরেজী বিষয়ে সর্বোচ্চ নম্বর পাবেন তাদেরকেও দেড় হাজার টাকা দেয়া হবে। কুমিল্লা বোর্ডের ছাত্র-ছাত্রীদের মধ্যে চট্টগ্রাম জেলার প্রথম স্থান দখলকারীরা 'বিশেষ সুবিধা' হিসেবে এই বৃত্তিপ্রাপ্ত হবে। একই সাথে হাটহাজারী, রাউজান, ফটিকছড়ি এবং সাক্ষরতার হারে চট্টগ্রামের যে ৭টি উপজেলার স্থান নিম্নে তারাও বৃত্তির সুবিধা পাবে।

বৃত্তি পরিচালনার জন্য ৪টি শিক্ষা বোর্ডের স্থায়ী আমানত হিসেবে ঢাকায় ১ লাখ ৭৫ হাজার টাকা, যশোরে ১ লাখ ৮০ হাজার টাকা, কুমিল্লায় ২ লাখ ৯০ হাজার টাকা এবং রাজশাহী বোর্ডে ১ লাখ ৯৫ হাজার টাকা নির্ধারণ করা হয়েছে। বোর্ডের চেয়ারম্যান, সচিব ও পরীক্ষা নিয়ন্ত্রকসহ ৯ সদস্যবিশিষ্ট কমিটি বৃত্তি প্রদানে নির্বাহী কমিটিতে থাকবেন।